

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
সমাজসেবা অধিদফতর  
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা  
৩/২০ হামায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা

“শেখ হাসিনার দিন বদলে  
সমাজসেবা এগিয়ে চলে”

স্মারক নম্বর: ৪১.০১.০০২৩.০০০.২৩.০০১.২২.৯৪

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয়: আগামী ০৫ ও ০৬ মে ২০২৩ খ্রি. তারিখে সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা মাঠে অনুষ্ঠেয় ঢাকা  
বিভাগীয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় ১৪ টি পানির বড় গাড়ি সরবরাহ প্রসঙ্গে।

সূত্র: (যদি থাকে)

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত ঢাকা বিভাগের অধীন আবাসিক প্রতিষ্ঠানের নিবাসীদের অংশগ্রহণে আগামী ০৫ ও ০৬ মে ২০২৩ তারিখে ঢাকা বিভাগীয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা মাঠে অনুষ্ঠিত হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সম্মানিত সচিব, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর এবং বিভাগীয় কমিশনার, ঢাকা উক্ত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। তাছাড়া ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্ট ঢাকা বিভাগের অধীন ১৩টি জেলার আবাসিক প্রতিষ্ঠানসমূহের প্রায় এক হাজার প্রতিযোগী অংশগ্রহণ করবেন। উক্ত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় ২ দিনের জন্য ৭টিকরে মোট ১৪ টি বড় পানির গাড়ি প্রয়োজন।

বর্ণিতাবস্থায়, আগামী ০৫ ও ০৬ মে ২০২৩ তারিখে সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা মাঠে অনুষ্ঠেয় ঢাকা বিভাগীয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় ১৪ টি পানির বড় গাড়ি সরবরাহের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে সরকার নির্ধারিত মূল্যে পানির দাম পরিশোধ করা হবে।



২৭-০৪-২০২৩

মোহাম্মদ মোজাম্মেল হক  
পরিচালক

০২-৪৪-৮২২০০৮ (ফোন)

নির্বাহী প্রকৌশলী, মডস জোন- ৩ লালমাটিয়া স্টিল ট্যাংক কম্পাউন্ড ঢাকা।

স্মারক নম্বর: ৪১.০১.০০২৩.০০০.২৩.০০১.২২.৯৪/১ (১)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।



*amir*

২৮-০৪-২০২৩  
রকিব আহমেদ  
উপপরিচালক